তারিখ ... 10 SEP 2016 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 2 ...

সমকাল

# স্কুল শিক্ষার্থীদের জঙ্গিবাদবিরোধী শপথ

■ মনোজ সাহা, *গোপালগঞ্জ*

গোপালগঞ্জের ফুকরা মদন মোহন একাডেমিতে প্রতিদিনই সন্ত্রাস ও জঙ্গিবাদবিরোধী শপথ গ্রহণ করা হয়। কাশিয়ানী উপজেলার ঐতিহ্যবাহী শতবর্ষী বিদ্যাপীঠ মদন মোহন একাডেমির সমাবেশ শুরু হয় পবিত্র কোরআন তেলাওয়াত ও গীতা পাঠের মধ্য দিয়ে। জাতীয় পতাকাকে সম্মান প্রদর্শনের পর জাতীয় সঙ্গীত পরিবেশন করা হয়। জাতীয় সঙ্গীত শেষে অনুষ্ঠিত হয় শপথ। শপথে সন্ত্রাস ও জঙ্গিবাদের প্রতি ঘৃণা জানানো হয়। দেশমাতৃকা রক্ষায় শিক্ষার্থীরা সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে দৃঢ় অবস্থান নেওয়ার অঙ্গীকার ব্যক্ত করে। সবশেষে স্কুলের প্রধান শিক্ষক মো. জইন উদ্দিন শিক্ষার্থীদের উদ্দেশ্যে নীতি, আদর্শ, নৈতিকতা, সামাজিক-ধর্মীয় অনুশাসন সম্পর্কে এবং সন্ত্রাস ও জঙ্গিবাদবিরোধী বক্তব্য রাখেন। শিক্ষার্থীরা জানায়, জঙ্গিবাদবিরোধী সচেতনতা সৃষ্টিতে আমাদের প্রধান শিক্ষক মো. জইন উদ্দিন প্রচার চালাচ্ছেন। প্রতিটি ক্লাস শেষে ৫ মিনিট শিক্ষকরা আমাদের নৈতিক শিক্ষা প্রদান করেন। আমরা জঙ্গিবাদকে ঘৃণা করি। সমৃদ্ধ দেশ গড়তে আমরা জঙ্গিবাদ প্রতিহত করব। স্কুলের প্রধান শিক্ষক মো. জইন উদ্দিন বলেন, স্কুল শুরুর অ্যাসেম্বলিতেই আমরা জঙ্গিবাদবিরোধী সচেতনতা সৃষ্টি ও শিক্ষার্থীদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করতে কাজ করে যাচ্ছি। আমরা অভিভাবক সমাবেশ শুরু করেছি। শিক্ষার পাশাপাশি সন্তানদের খোঁজ-খবর রাখতে তাদের অনুপ্রাণিত করেছি। এতে ভালো সাড়া পেয়েছি।



গোপালগঞ্জের ফুকরা মদন মোহন একাডেমির শিক্ষার্থীরা বৃহস্পতিবার জঙ্গিবাদবিরোধী শপথ পাঠ করে ■ সমকাল